

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০০২.০০.০০.০০৯.২০১৫-৪৫৬

তারিখ : ০১ শ্রাবণ, ১৪২৪
১৬ জুলাই, ২০১৭

বিষয় : ২০১৭-১৮ অর্থবছরে ইউপি সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশদের বেতন-ভাতা, উৎসব মঞ্জুরী, আনুতোষিক ভাতা, পোষাক এবং ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতা বাবদ বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে প্রতি অর্থবছরের শুরুতে ইউপি সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশদের বেতন-ভাতা, উৎসব মঞ্জুরী, আনুতোষিক ভাতা, পোষাক এবং ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতা বাবদ অর্থ ছাড় করা হয়। সঠিক পরিমাণ অর্থ প্রদানের জন্য যথাসময়ে জেলা প্রশাসকগণের নিকট হতে অর্থের পরিমাণ জানা প্রয়োজন। জেলা থেকে নির্দিষ্ট সময়ের মধ্যে চাহিদা না পাওয়া গেলে অর্থ বরাদ্দের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হওয়ার সম্ভাবনা বিদ্যমান।


০২। এমতাবস্থায়, ২০১৭-২০১৮ অর্থবছরে ইউপি সচিব, হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর ও গ্রামপুলিশদের বেতন-ভাতা, উৎসব মঞ্জুরী, আনুতোষিক ভাতা, পোষাক এবং ইউপি চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানীভাতা বাবদ বরাদ্দের প্রকৃত চাহিদা নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ২৩/০৭/২০১৭ তারিখের মধ্যে ডাক ও ই-মেইল যোগে (up2lgd@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া বিগত ২০১৬-২০১৭ অর্থবছরের ব্যয় বিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

‘ছক-ক’

জেলার নাম	ইউনিয়ন পরিষদের সংখ্যা	ইউপি সচিবদের বেতনের সরকারি অংশের পরিমাণ	ইউপি সচিবদের উৎসবভাতার সরকারি অংশের পরিমাণ	ইউপি সচিবদের আনুতোষিকের সরকারি অংশের পরিমাণ	হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর বেতনের সরকারি অংশের পরিমাণ	হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর উৎসবভাতার সরকারি অংশের পরিমাণ	হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর আনুতোষিকের সরকারি অংশের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

‘ছক-খ’

জেলার নাম	ইউনিয়ন পরিষদের সংখ্যা	গ্রামপুলিশদের বেতনের সরকারি অংশের পরিমাণ	গ্রামপুলিশদের উৎসবভাতার সরকারি অংশের পরিমাণ	গ্রামপুলিশদের অবসর ভাতার সরকারি অংশের পরিমাণ	গ্রামপুলিশদের পোষাক বাবদ বরাদ্দ	চেয়ারম্যানের সম্মানীভাতার সরকারি অংশের পরিমাণ	সদস্যগণের সম্মানীভাতার সরকারি অংশের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯


(ড. সৈয়দা নওশীন পার্বিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)

-----জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. যুগ্মসচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি)-----সকল জেলা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।